**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল এবং প্রতিনিধি রায়ান সীসার পানির পাইপ প্রতিস্থাপন এবং পকিপ্সির খাওয়ার পানি সুরক্ষিত রাখার জন্য 12 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট অনুদানের ঘোষণা করলেন

***সীসার পানির পাইপ প্রতিস্থাপন করার জন্য পকিপ্সি ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন থেকে আরো 3.2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান পাওয়ার যোগ্য***

***"সীসা নির্মূল" করাতে সাহায্য করার জন্য স্টেট ও ফেডারেল 340 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ***

***পুরো নিউ ইয়র্ক স্টেটে পানির অবকাঠামো উন্নত ও বলীয়ান করতে গভর্নরের দেশসেরা প্রতিশ্রুতিকে অব্যাহত রাখে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে সীসার সেবা লাইন সনাক্ত ও প্রতিস্থাপিত করার জন্য, খাওয়ার পানির নিরাপত্তা উন্নত করতে, জনস্বাস্থ্য সুরক্ষিত রাখতে, এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করার জন্য পকিপ্সি সিটিকে 12 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অনুদান প্রদান করা হবে। তহবিলটি একটি 340 মিলিয়ন মার্কিন ডলারের স্টেটব্যাপী উদ্যোগের অংশ, যা পুরো নিউ ইয়র্কের পানির ব্যবস্থা থেকে সীসার পাইপ অপসারণ করার জন্য স্টেটের সংস্থান ও দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে পাওয়া ফেডারেল সমর্থনকে সমন্বিত করে। পাশাপাশি, বাসিন্দাদের জন্য পরিষ্কার, নিরাপদ খাওয়ার পানি আরো নিশ্চিত করার জন্য পকিপ্সি অতিরিক্ত 3.2 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল অনুদান পাওয়ার যোগ্য হবে, যা মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি প্যাট রায়ান আজকের ঘোষণায় তুলে ধরেন।

"নিউ ইয়র্কের পানির অবকাঠামো থেকে আমরা সীসা নির্মূল করতে যাচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "সীসার পানির পাইপ প্রতিস্থাপন এবং জনগণের খাওয়ার পানি সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় সংস্থান ও সমর্থন মিউনিসিপ্যালিটিসমূহকে প্রদান করা আমরা অব্যাহত রেখেছি।"

আজকের ঘোষণাটি হলো সীসার সেবা লাইনের ইনভেন্টরি এবং প্রতিস্থাপন প্রকল্পসমূহের জন্য বর্তমানে মোট 100 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট অনুদানে পরিণত হওয়া গভর্নরের বৃহত্তর বিনিয়োগের অনুবর্তী। সীসার সেবা লাইন প্রতিস্থাপনের জন্য স্টেট অনুদান এবং একই সাথে ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law, BIL) অনুদান ও

সুদমুক্ত অর্থায়ন পাওয়া 12টি মিউনিসিপ্যালিটির মধ্যে পকিপ্সি একটি। BIL অনুদান দ্বারা সম্পূর্ণ পরিশোধ না করা খরচের ব্যয়পূরণ করবে স্টেটের অনুদান, যাতে করে সম্প্রদায়সমূহে সংশ্লিষ্ট প্রকল্পসমূহের অর্থায়ন পরিশোধ করতে না হয়।

এখন পর্যন্ত, সীসার সেবা লাইন প্রতিস্থাপনের জন্য BIL এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট 240 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। আগামী দুই বছরে আরো তহবিল পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে। স্টেটের অনুদানকে ফেডারেল তহবিলের সাথে যুক্ত করলে তা সম্প্রদায়সমূহের আর্থিক চাপ অপসারণ করে, তাদের অতিরিক্ত ব্যয় ব্যতীত আরো সীসার সেবা লাইন প্রতিস্থাপন করার সুযোগ দেয়। স্টেটের সার্বিক পন্থা সম্প্রদায়সমূহকে এমন সংস্থান প্রদান করা অব্যাহত রেখেছে যা স্থানীয় করদাতাদের অতিরিক্ত চাপ প্রদান না করে নিজেদের অবকাঠামো উন্নত করতে তাদের প্রয়োজন।

**প্রতিনিধি প্যাট রায়ান বলেন,** "স্বাধীনতার অর্থ হলো প্রত্যেক আমেরিকানের কাছে পরিচ্ছন্ন বায়ুতে নিঃশ্বাস গ্রহণের এবং পরিষ্কার পানি পানের অধিকার থাকবে, এবং সেজন্য হাডসন ভ্যালি থেকে সকল বিষাক্ত সীসার পাইপ অপসারণ করতে আমি নিরলসভাবে কাজ করছি। কল থেকে বের হওয়া পানি তাদের শিশুদের জন্য নিরাপদ কিনা তা নিয়ে পকিপ্সির পিতামাতাকে যাতে আর কখনো দুশ্চিন্তা করতে না হয় তা নিশ্চিত করার জন্য আজকের তহবিলটি একটি বিশাল অগ্রগামী ধাপ। এই লড়াইয়ে গভর্নর হোকল এবং মেয়র ফ্লাওয়ার্সের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত, এবং আমাদের সম্প্রদায়সমূহ চিরতরে বিষাক্ত সিসার পাইপমুক্ত হওয়ার আগে পর্যন্ত আমরা থামবো না।"

**পকিপ্সি এবং পূর্বে ঘোষিত অর্থপ্রাপ্তদের অন্তর্ভুক্ত করে, প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অনুদান পাওয়া সম্প্রদায়ের পূর্ণ তালিকা হলো:**

- নিউ ইয়র্ক সিটি (ব্রঙ্কস, ব্রুকলিন ও কুইন্স): 28,000,000 মার্কিন ডলার
- রচেস্টার সিটি: 28,000,000 মার্কিন ডলার
- সিরাকিউজ সিটি: 12,756,047 মার্কিন ডলার
- পকিপ্সি সিটি: 11,869,472 মার্কিন ডলার
- হারকাইমার ভিলেজ: 3,962,616 মার্কিন ডলার
- অ্যালবানি সিটি: 3,859,328 মার্কিন ডলার
- ট্রয় সিটি: 3,846,900 মার্কিন ডলার
- গ্লোভারসভিল ওয়াটার ওয়ার্কস: 2,310,445 মার্কিন ডলার
- ইলিয়ন ভিলেজ: 1,221,477 মার্কিন ডলার
- ওগডেনসবার্গ ভিলেজ: 688,300 মার্কিন ডলার
- বাথ ভিলেজ: 468,300 মার্কিন ডলার
- ক্যাটস্কিল ভিলেজ: 106,545 মার্কিন ডলার

এই তহবিল বিশেষভাবে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য অভীষ্ট। বরাদ্দগুলো সেই সব কমিউনিটিগুলোকে অগ্রাধিকার প্রদান করে যেগুলো নিম্নলিখিত মানদণ্ডগুলোর এক বা একাধিক পূরণ করে:

- সম্প্রদায়ের গৃহস্থালির মধ্যম আয় আঞ্চলিকভাবে সামঞ্জস্যকৃত স্টেটব্যাপী গৃহস্থালির মধ্যম আয়ের 80 শতাংশের কম।
- সম্প্রদায়ের স্থানীয় দারিদ্র্যের হার স্টেটব্যাপী দারিদ্র্যের হারের চেয়েও বেশি
- সম্প্রদায়ের সীসার সেবা লাইনের প্রকল্পের কমপক্ষে 50 শতাংশ পরিবেশগত ন্যায়বিচারের সম্প্রদায়কে সহায়তা করে।

সীসা মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এবং প্লাম্বিংয়ের উপাদানে সীসার মরিচ থাকলে তা খাওয়ার পানিতে প্রবেশ করতে পারে, বিশেষ করে যেখানে পানির অম্লতা বেশি বা খনিজ উপাদান কম থাকে যা পাইপ এবং ফিক্সচারে মরিচা সৃষ্টি করে। খাওয়ার পানিতে সীসার সবথেকে সাধারণ উৎস হলো সীসার পাইপ, ফসেট, এবং ফিক্সচার। যেসব বাসায় সীসার পাইপ বাসাকে পানির মেইনের সাথে সংযুক্ত করে, যা লেড সার্ভিস লাইন নামেও পরিচিত, সেই পাইপসমূহ সাধারণত পানিতে সীসার সবথেকে উল্লেখযোগ্য উৎস। সীসার পাইপ অপেক্ষাকৃত পুরনো শহর এবং 1986 সালের পূর্বে নির্মিত বাসাতে থাকার সম্ভাবনা বেশি।

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক স্টেট খাওয়ার পানিতে সীসার সংস্পর্শ, যা জনস্বাস্থ্যকে ঝুঁকিগ্রস্ত করে বলে আমরা জানি, তা হ্রাস করতে ঐতিহাসিক বিনিয়োগ করছে। অতি সম্প্রতি, নিউ ইয়র্ক স্টেট পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহকে আনুমানিক 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে যা আজকে পকিপ্সির জন্য ঘোষিত প্রকল্পের মতো প্রকল্পসমূহকে সমর্থন করতে সাহায্য করবে এবং ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত এলাকায় সীসার লাইন প্রতিস্থাপিত করবে। আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্যকে সুরক্ষিত রাখতে, স্বাস্থ্যের সমতার প্রচার করতে, এবং বর্তমানে ও আগামী বহু প্রজন্মের জন্য সকল নিউ ইয়র্কবাসীর জন্য যাতে পরিষ্কার খাওয়ার পানি উপলভ্য থাকে তা নিশ্চিত করতে আমাদের ফেডারেল, স্টেট এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

**স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ কোলম্যান বলেন,** "পরিষ্কার পানিতে গভর্নর হোকলের নজিরবিহীন বিনিয়োগ সম্প্রদায়সমূহকে খাওয়ার পানি থেকে সীসা অপসারণ করার এবং জনস্বাস্থ্যের ঝুঁকি হ্রাস করার ক্ষমতা প্রদান করছে। এই অনুদানের মার্কিন ডলার প্রদান করার মাধ্যমে EFC এবং আমাদের অংশীদার এজেন্সিসমূহ অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ শুরু করতে এবং পকিপ্সির মতো সম্প্রদায়কে সীসামুক্ত ও নিরাপদ খাওয়ার পানি সরবরাহ করার লক্ষ্য অর্জন করার জন্য অতি গুরুত্বপূর্ণ আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করছে।"

**অ্যাসেম্বলির সদস্য জোনাথন জ্যাকবসন বলেন,** "খাওয়ার পানিতে কোনো মাত্রার সীসাই গ্রহণযোগ্য নয়। আমরা জানি যে সীসার দূষণ একটি মারাত্মক স্বাস্থ্য সমস্যা যার কারণে শিশুদের বিকাশগত ব্যাধি, এবং সেই সাথে প্রাপ্তবয়স্কদের কার্ডিওভাস্কুলার এবং প্রজনন সংক্রান্ত সমস্যা হয়ে থাকে। সেজন্য সীসার সেবা লাইন প্রতিস্থাপিত করতে বর্ধিত তহবিলের জন্য আমি দীর্ঘদিন ধরে কাজ করছি এবং এই তহবিলের জন্য পকিপ্সির আবেদন সম্ভব করতে সাহায্য করেছি। পকিপ্সির বা অন্য কোনো শহরের আরো এক প্রজন্মের শিশুদের নিরাশ করতে পারি না।"

**পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি**
নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। অর্থবছর 2025 সালের প্রণীত বাজেটে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার জন্য গভর্নর হোকলের ঘোষণার ফলে 2017 সাল থেকে এই বছর পর্যন্ত নিউ ইয়র্ক পানির অবকাঠামোতে মোট 5.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেট উদ্যোগসমূহ স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখা নিশ্চিত করছে এবং সম্প্রদায়সমূহকে এই বিনিয়োগ কাজে লাগাতে সাহায্য করছে। গভর্নর ক্ষুদ্রতর, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য বর্জ্যপানি প্রকল্পের জন্য WIIA অনুদান মোট যোগ্য প্রকল্প ব্যয়ের 25 শতাংশ থেকে 50 শতাংশে বৃদ্ধি করেছেন। এছাড়াও ক্ষুদ্র, গ্রামীণ এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে এই তহবিল ব্যবহার করতে এবং তাদের পরিষ্কার পানি অবকাঠামোর চাহিদা পূরণে সাহায্য করতে গভর্নর EFC এর কমিউনিটি সহায়তা টিমগুলো সম্প্রসারিত করেছেন। পানির অবকাঠামো প্রকল্পের জন্য সাহায্য প্রয়োজন এমন যেকোনো সম্প্রদায়কে EFC এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

এই তহবিল ভোটার-সমর্থিত 4.2 বিলিয়ন মার্কিন ডলারের ক্লিন ওয়াটার, ক্লিন এয়ার ও গ্রিন জবস এনভায়রনমেন্টাল বন্ড আইন 2022 সহ অন্যান্য উল্লেখযোগ্য জলের গুণগতমানে বিনিয়োগের পাশাপাশি যা পুরোন জলের অবকাঠামো আপডেট করতে এবং জলের গুণগতমান রক্ষা করতে, তীব্র ঝড় ও বন্যা সহ্য করার জন্য কমিউনিটির সক্ষমতা জোরদার করতে, বায়ু দূষণ হ্রাস করতে এবং জলবায়ু পরিবর্তনকারী নির্গমন হ্রাস করতে, আবাসস্থল পুনরুদ্ধার করতে এবং বাইরের জায়গা ও স্থানীয় খামার সংরক্ষণের জন্য ঐতিহাসিক স্তরে মূলধনকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এনভায়রনমেন্টাল বন্ড আইনের অধীনে তহবিলের প্রথম রাউন্ড WIIA/IMG কর্মসূচির মাধ্যমে প্রদান করা হয় ডিসেম্বর মাসে যখন গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক স্টেটের 156টি প্রকল্পের জন্য 479 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করেন, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য উপলভ্য করা 309 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ বন্ড আইন তহবিল সুবিধার কমপক্ষে 35 শতাংশ পাবে, এবং 40 শতাংশ প্রদানের লক্ষ্য থাকবে।

**দ্বিপক্ষীয় অবকাঠামো আইন এবং লেড সার্ভিস লাইন প্রতিস্থাপনের তহবিল সম্পর্কে**
রাষ্ট্রপতি বাইডেনের দ্বিপক্ষীয় অবকাঠামো আইন সীসার সেবা লাইন সনাক্ত ও প্রতিস্থাপনের জন্য দেশব্যাপী ঐতিহাসিক 15 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। আইনটি DWSRF LSLR তহবিলের 49 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে অনুদান বা ঋণ হিসেবে প্রদান করা

বাধ্যতামূলক করে, এটি দীর্ঘদিন ধরে কম বিনিয়োগ পেয়েছে এমন সম্প্রদায়সমূহের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। সংশোধিত খাওয়ার পানি অবকাঠামোর চাহিদা জরিপ ও মূল্যায়ন (Drinking Water Infrastructure Needs Survey and Assessment) থেকে সংগৃহীত ডেটার ভিত্তিতে EPA অনুমান করেছে যে সারা দেশে জাতীয়ভাবে মোট 9 মিলিয়ন লেড সার্ভিস লাইন রয়েছে। বিশেষ করে লেড সার্ভিস লাইন সনাক্ত করা ও প্রতিস্থাপন করার জন্য এই তহবিল প্রদান করা হবে এবং এটি সীসার পাইপ অপসারণ করতে এবং খাওয়ার পানি থেকে সীসা হ্রাস করার প্রকল্পসমূহের অর্থায়ন করতে নিউ ইয়র্ককে সাহায্য করবে। তহবিল যাতে যেসব স্টেটে প্রয়োজন সর্বাধিক সেখানকার লেড সার্ভিস লাইন সম্পর্কিত কর্মকাণ্ডে ব্যবহার হয় তা নিশ্চিত করতে LSLR বরাদ্দ চাহিদামাফিক হবে, অর্থাৎ যেসব স্টেটের অনুমিত লেড সার্ভিস লাইন বেশি তারা তুলনামূলক বেশি অনুপাতে LSLR তহবিল লাভ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন